



তথ্যবিবরণী

নম্বর- ১১৩

## রাসিকের অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

রাজশাহী; ১৩ অগ্রহায়ণ (২৮ নভেম্বর):

আজ বৃহস্পতিবার (২৮ নভেম্বর) দুপুর বারোটায় নগর ভবনে রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন রাজশাহী বিভাগীয় কমিশনার ও রাসিক প্রশাসক এবং রাসিকের অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভাপতি ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

সভায় জুলাই ২০২৪ হতে অক্টোবর ২০২৪ পর্যন্ত রাসিকের প্রকৃত আয় ও ব্যয় বিষয়ে আলোচনা করা হয়। দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারীদের মাসিক কাজের অনুমোদন প্রদান, নগরভবনের নিরাপত্তা প্রাচীর নির্মাণ, নগরভবনে অগ্রণী ব্যাংক লিঃ, মিডল্যান্ড ব্যাংক লিঃ ও গ্রীন প্লাজার জন্য পৃথক মিটারসহ বৈদ্যুতিক সংযোগ প্রদান, তামাকজাত দ্রব্য সামগ্রী বিক্রয় কেন্দ্রের লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও রাজশাহী প্রেসক্লাব অফিস সংস্কার ও রাজশাহী সিটি কর্পোরেশনের উদ্যোগে 'রাজশাহী সমগ্র গ্রন্থের' প্রকাশনা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় রাসিক প্রশাসক আগামী পঞ্চবার্ষিক মূল্যায়ন কার্যক্রমের রিভিউ বোর্ড শুরু করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও রাসিকের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনে সকলকে নির্দেশনা প্রদান করেন।

সভায় রাজশাহী সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. এ বি এম শরীফ উদ্দিন, সচিব মোঃ মোবারক হোসেন, রাসিকের অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সদস্য ও পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক মোঃ কবির হোসেন, রাসিকের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সাদিয়া আফরিন, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ মোঃ মামুন, প্রধান রাজস্ব কর্মকর্তা আবু সাঈদ মোঃ নূর-ঈ-সাদ্দ, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ এফ এ এম আঞ্জুমান আরা বেগমসহ রাসিকের বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

আতিক/আরিফ/রুহুল/হালিম/২০২৪/১৫:৪০ ঘ.